



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/ কলেজ/ অনুষ/ ২০১৫/ ৬০২৫

তারিখ: ২২.০১.১৭

বিষয় : পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি

সূত্র : কলেজের ২৬/০৬/২০১৪ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ০১/০৩/২০১৫ তারিখের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে চিকনিকান্দী কলেজ, ডাক: সূতাবাড়িয়া, উপজেলা: গলাচিপা, জেলা: পটুয়াখালী-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ের নিম্ন বর্ণিত শাখা ও বিষয়সমূহের পাঠদানের অনুমতির মেয়াদ ০১-০৭-২০১৩ হতে ৩০-০৬-২০১৫ খ্রি. পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য বৃদ্ধি করা হলো।

পাঠদানের অনুমতির সময়সীমা অতিক্রান্ত হবার পর পুনরায় পাঠদানের অনুমতি নবায়ন করতে হবে। অন্যথায় উক্ত পাঠদানের অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শাখা ও বিষয় সমূহ

০১। আবশ্যিক বিষয় : বাংলা, ইংরেজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

০২। নৈর্বচনিক বিষয়


ক) মানবিক শাখা : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, সমাজ বিজ্ঞান, সমাজকর্ম এবং যুক্তিবিদ্যা।

খ) ব্যবসায় শিক্ষা শাখা : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা।

গ) সকল শাখার জন্য : কৃষি শিক্ষা।

শর্তাবলী :

- ১) পাঠদানের এ অনুমতিকে কোন ক্রমেই স্বীকৃতি বলে বিবেচনা করা যাবে না
- ২) প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি ও ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ এবং এর ৫০% পাস করতে হবে
- ৩) জনবল কাঠামো ২০১০-এর বিধি মোতাবেক অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগ করে বেতনের সরকারি অংশ উত্তোলন করা যাবে না
- ৪) টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ৫) গ্রন্থাগারে পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ৬) জরুরী ভিত্তিতে বাৎসরিক ক্লাশ রুটিন অত্র বোর্ডে দাখিল করতে হবে
- ৭) সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ৮) শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে


২২.০১.১৭

ড. মোঃ লিয়াকত হোসেন (৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

টেলিফোন- ০৪৩১-৬৪৭৪৫

ই-মেইল: drliaquat@gmail.com

অধ্যক্ষ

চিকনিকান্দী কলেজ

ডাক: সূতাবাড়িয়া

উপজেলা: গলাচিপা, জেলা: পটুয়াখালী

অনুলিপি প্রেরিত

২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
৪. সিস্টেম এনালিস্ট, অত্র বোর্ড, বিজ্ঞপ্তিটি বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ
৫. সংক্ষণ নথি